

## কটিয়াদীতে স্কুল পরিচালনা কমিটি নিয়ে জটিলতা

■ কটিয়াদী (কিশোরগঞ্জ) সংবাদদাতা

কিশোরগঞ্জের কটিয়াদীর চালল বাঘহাটা স্কুল এন্ড কলেজ পরিচালনা কমিটি (গভর্নিং বডি) নিয়ে জটিলতার সৃষ্টি হয়েছে। একটি কমিটি ঢাকা শিক্ষা বোর্ড অনুমোদন দেয়। এ কমিটির বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, দুর্নীতির অভিযোগ এনে এলাকাবাসী শিক্ষামন্ত্রী ও সচিব বরাবরে আবেদন করেন। পরে মন্ত্রণালয় তদন্ত করে কমিটি বাতিল করে দেন। একই সাথে মন্ত্রণালয় সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করার লক্ষ্যে ছয় মাসের জন্য এডহক কমিটি গঠনের নির্দেশ দেন শিক্ষাবোর্ডকে। পত্র প্রেরণের ২৫ দিন চলে গেলেও ঢাকা শিক্ষা বোর্ড কোন পদক্ষেপ নেয়নি। ফলে কমিটি গঠন নিয়ে দু'পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।